

# যুগান্তর

প্রিন্ট: ১৭ ফেব্রুয়ারি ২০২৫, ০৪:৫৩ পিএম

শিক্ষাঙ্গন

## শেকুবিতে প্রকাশনা উৎসব করবে ছাত্রশিবির



শেকুবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ ফেব্রুয়ারি ২০২৫, ১০:৪৯ এএম



রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকুবি) শাখা ছাত্রশিবির প্রকাশনা উৎসব উদযাপনের ঘোষণা দিয়েছে। রোববার রাতে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ বিজ্ঞপ্তির মাধ্যমে সংগঠনটির শেকুবি শাখা সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম

আনুষ্ঠানিকভাবে সামনে এসেছে।

সংগঠনটির প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মো. মুবাশ্বির সালেহীন স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১৯ ও ২০ ফেব্রুয়ারি দু দিনব্যাপী ‘প্রকাশনা উৎসব-২০২৫’ আয়োজন করা হবে। শেক্ববি শাখার সভাপতি মো. আবুল হাসান এবং সেক্রেটারি মেহেদী হাসান নাঈমের অনুমোদন সাপেক্ষে আয়োজিত হচ্ছে এ উৎসব।

অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে তা জানিয়ে ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থীদের জন্য জ্ঞানমূলক ও গবেষণাধর্মী বিভিন্ন প্রকাশনা প্রদর্শন এবং বিতরণের ব্যবস্থা থাকবে।

দু দিনব্যাপী এ অনুষ্ঠানে বিভিন্ন ইসলামিক বই এর প্রকাশনা ও প্রদর্শনী থাকবে। এছাড়া থাকবে ফ্যাসিবাদের বিভিন্ন কর্মকাণ্ডের চিত্রকর্ম ও ব্যঙ্গচিত্র। উৎসবের স্টলগুলোকে ছাত্রশিবিরের লোগোর আদলে সজ্জিত করা হবে। অনুষ্ঠানের দ্বিতীয় দিনে জুলাই অভ্যুত্থান নিয়ে ডকুমেন্টারি প্রদর্শন করা হবে।

প্রকাশনা উৎসব নিয়ে ছাত্রশিবিরের শেক্ববি শাখার সভাপতি আবুল হাসান বলেন, ‘আমরা শিক্ষার্থীদের মাঝে বুদ্ধিবৃত্তিক উন্নয়নের লক্ষ্যে এই আয়োজন করতে যাচ্ছি। গণঅভ্যুত্থানের স্পিরিটকে সকলের মধ্যেই ছড়িয়ে দিতে এবং শিক্ষার্থীদের মাঝে জ্ঞান চর্চার আদর্শ তৈরি করতেই আমাদের এই আয়োজন।’